

বাংলাদেশ আওয়ামি লীগ, অস্ট্রেলিয়া
আওয়ামি লীগের ৬১তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

গত রবিবার ৪ঠা জুলাই, বাংলাদেশ আওয়ামি লীগ অস্ট্রেলিয়া, সিডনির রকডেলস্ট্র হাটবাজার রেস্তোয় বাংলাদেশ আওয়ামি লীগ এর ৬১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে। দলের কেন্দ্রীয় উপদেষ্টা, বিশিষ্ট শিল্পপতি ও স্ট্যান্ডার্ড ব্যাংকের চেয়ারম্যান, কাজী আকরাম উদ্দিন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। তিনি প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কেটে উপস্থিত সকলকে আপ্যায়ন করেন।

অনুষ্ঠানের শুরুতে ছিল আলোচনা। এ পর্বে দলের দীর্ঘ ইতিহাস নিয়ে বিভিন্ন বক্তাগণ আলোচনা করেন। সিডনির বিশিষ্ট ব্যবসায়ী, বিশেষ অতিথি জনাব আবুল হেলাল প্রধান অতিথির কাছ দেশে রাজনীতি ও অর্থনীতির বিস্তারিত তথ্যাদি জানার ইচ্ছা প্রকাশ করেন। আমরা মুক্তিযোদ্ধার সন্তান এর আহ্বায়ক জনাব জসীম চৌধুরী তার বক্তৃতায় প্রধান অতিথির কাছে প্রবাসীদের বিদেশী বিনিয়োগে সরকারের ভূমিকা ও সাহায্য সহযোগিতা সম্পর্কে জানতে চান। বঙ্গবন্ধু পরিষদ ও আওয়ামি লীগের



শীর্ষ নেতা, লেখক ও কলামিস্ট, ডঃ রতনলাল কুন্ড তার বক্তব্যে আওয়ামি লীগের দীর্ঘ ইতিহাস ও সরকারের অনেক সফলতার তথ্য তুলে ধরেন। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বচ্ছ রাজনীতি সম্পর্কে বিস্তারিত তথ্য উল্লেখ করেন।

প্রধান অতিথি তার বক্তৃতায় আওয়ামি লীগের জন্ম তথ্য ও বঙ্গবন্ধুর রাজনীতির অনেক অজানা তথ্য তুলে ধরেন। বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা যে কোন সময়ের চেয়ে

উত্তম দাবি করে, তিনি জানান, বর্তমানে রাষ্ট্রীয় ব্যাংকে ১০.৪ বিলিয়ন ইউ এস ডলার রিজার্ভ রয়েছে।

তিনি প্রবাসী বাংলাদেশীদের রিমিটেন্স এবং গার্মেন্টস শিল্পের অবদানকে শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি বাংলাদেশের কৃষি শিল্পকে জাতীয় জীবনের চালিকা শক্তি বলে উল্লেখ করেন। তিনি বলেন, "সিডনিতে এসে আওয়ামি লীগের ৬১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।" তিনি দলের ভেতর সকল বিভক্তি ও কোন্দল মিটিয়ে ঐক্যবদ্ধ ভাবে সকলকে কাজ করার পরামর্শ দেন। তিনি বলেন সিডনির মানুষের আজকের এই উপস্থিতি আমাকে মুগ্ধ করেছে।" তিনি প্রবাসীদের আন্তরিকতা ও কঠোর পরিশ্রম লব্ধ অর্থে বাংলাদেশে যে শক্তিশালী ভিত গড়ে উঠেছে তা অব্যাহত রাখার অনুরোধ জানান।

অনুষ্ঠানের সভাপতি হারুন রশীদ আজাদ তার ভাষনে, বাংলাদেশ আওয়ামি লীগ প্রতিষ্ঠার ১৯৪৯ সালকেই বাঙ্গালী জাতির মুক্তি আন্দোলনের সূচনা হিসাবে ব্যক্ত করেন। অনুষ্ঠানশেষে অতিথিদের নৈশ ভোজে আপ্যায়ন করা হয়।

(আওয়ামি লীগ, অস্ট্রেলিয়ার প্রেস রিলিজ থেকে)